

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৪৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতে ক্লিরাআতের বর্ণনা

আরবী

وَعَن أَبِي زُهَيْر النميري قَالَ: خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتِ يَوْمٍ فَعَن أَبِي زُهَيْر النميري قَالَ: خَرَجْنَا مَعَ رَسُولِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: فَأَتَيْنَا عَلَى رَجُلٍ قَدْ أَلَحَّ فِي الْمَسْأَلَةِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَوْجَبَ إِنْ خَتَمَ . فَقَالَ: رَجُلٌ مِنَ الْقَوْمِ: بِأَيِّ شَيْءٍ يَخْتِمُ؟ قَالَ: «بآمين» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৮৪৬-[২৫] আবৃ যুহায়র আন্ নুমায়রী (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমরা এক রাতে রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে বের হলাম। আমরা এমন এক ব্যক্তির নিকট এলাম যিনি (সালাতের মধ্যে) আল্লাহর কাছে আকুতি-মিনতির সাথে দু'আ করছিলেন। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, লোকটি তার জন্য জান্নাত ঠিক করে নিল, যদি সে এতে মোহর লাগায়। এক ব্যক্তি বলল, হে আল্লাহর রসূল! কি দিয়ে মোহর লাগাবে? তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, 'আমীন' দিয়ে। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৯৩৮, য'ঈফ আত্ তারগীব ২৭১। কারণ এর সানাদে সবীহ ইবনু মুহাররায রয়েছে যার সম্পর্কে ইমাম যাহাবী (রহঃ) তার থেকে হাদীস বর্ণনা করতে গিয়ে মুহাম্মাদ ইবনু ইউসুফ আল শুরইয়াযী একাকী হয়়েছে। আলবানী (রহঃ) বলেনঃ এর মাধ্যমে ইমাম যাহাবী তাকে মাজহূল বলতে চেয়েছেন। আর ইবনু হিব্বান (রহঃ)-এর তাকে বিশ্বস্ত বলাটা গ্রহণযোগ্য নয়। ইবনু 'আবদুল বার (রহঃ)-ও হাদীসটির সানাদকে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন